

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়
বরিশাল বিভাগ
ক্লাব রোড, বরিশাল
www.food.barisaldiv.gov.bd

নম্বর: ১৩.০১.০০০০.০০০.০৫.১৬৩.১৬.৩২৭৭

তারিখ: ২১ অগ্রহায়ণ ১৪২৯

০৬ ডিসেম্বর ২০২২

সেবা সহজীকরণ আদেশ

আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, বরিশালের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২২-২৩ এর কার্যক্রম ১.১ অনুযায়ী সেবা সহজীকরণ কার্যক্রম হিসেবে বরিশাল বিভাগের খাদ্য অধিদপ্তরাধীন কর্মকর্তা-কর্মচারী ও অংশীজনগণকে তাদের চাহিত তথ্য/রেকর্ডপত্র আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, বরিশালের বিভিন্ন শাখার (প্রশাসন/মজুদ/হিসাব/মাননিয়ন্ত্রণ/উন্নয়ন/অডিট) পরিবর্তে এ কার্যালয়ে চলতি ২০২২-২৩ অর্থবছরে নতুন স্থাপিত ফ্রন্ট ডেস্ক (Front Desk) হতে প্রদান করা হবে।


সহজীকরণকৃত সেবা প্রদানের লক্ষ্যে পুনরাদেশ না দেয়া পর্যন্ত জনাব মোঃ রিপন সেরনিয়াবাত, গাড়ী সহকারী, জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, বরিশাল, সংযুক্তিতে আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, বরিশালকে নিজ দায়িত্বের অতিরিক্ত হিসেবে এ কার্যালয়ের ফ্রন্ট ডেস্কে দায়িত্ব পালনের জন্য আদেশ প্রদান করা হলো। জনাব মোঃ আল-আমীন, কারিগরি খাদ্য পরিদর্শককে ফ্রন্ট ডেস্কের কাজ সার্বিক মনিটরিং করার জন্য বলা হলো।

শাখা প্রধান, প্রশাসন/মজুদ/হিসাব/মাননিয়ন্ত্রণ/উন্নয়ন/অডিট শাখা, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, বরিশালকে স্ব-স্ব শাখার প্রকাশযোগ্য তথ্য ও রেকর্ডপত্রের একটি মাস্টার ফাইল (সূচিপত্রসহ) প্রস্তুত করে আগামী ০৭ (সাত) দিনের মধ্যে এ কার্যালয়ের ফ্রন্ট ডেস্কে সরবরাহ করার জন্য নির্দেশ দেয়া হলো এবং দৈনন্দিন জারীকৃত চিঠিপত্র, প্রতিবেদন, আদেশের অনুলিপি (যে সকল ক্ষেত্রে গোপনীয়তা রক্ষার প্রয়োজন নেই) উক্ত মাস্টার ফাইলে সংরক্ষণের নিমিত্ত ফ্রন্ট ডেস্কে প্রেরণের জন্য বলা হলো।

এমতাবস্থায়, বরিশাল বিভাগের খাদ্য অধিদপ্তরাধীন কর্মকর্তা-কর্মচারী ও অংশীজনগণকে তাদের প্রয়োজনীয় তথ্য/রেকর্ডপত্র আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, বরিশালের বিভিন্ন শাখার (প্রশাসন/মজুদ/হিসাব/মাননিয়ন্ত্রণ/উন্নয়ন/অডিট) পরিবর্তে এ কার্যালয়ে চলতি ২০২২-২৩ অর্থবছরে নতুন স্থাপিত ফ্রন্ট ডেস্কে (Front Desk) অনুসন্ধান ও সেখান থেকে গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো।

সহজীকরণকৃত সেবার প্রসেস ম্যাপ

তথ্য ও রেকর্ডপত্র প্রদান/সরবরাহ সংক্রান্ত সেবা প্রদানের বর্তমান পদ্ধতি			তথ্য ও রেকর্ডপত্র প্রদান/সরবরাহ সংক্রান্ত সেবা প্রদানের সহজীকরণকৃত পদ্ধতি		
সেবা গ্রহীতা	তথ্য/রেকর্ডপত্র অনুসন্ধান ও প্রদান/গ্রহণ কেন্দ্র	মন্তব্য	সেবা গ্রহীতা	তথ্য/রেকর্ডপত্র অনুসন্ধান ও প্রদান/গ্রহণ কেন্দ্র	মন্তব্য
বরিশাল বিভাগে কর্মরত খাদ্য অধিদপ্তরধীন কর্মকর্তা-কর্মচারী ও অংশীজনগণ	প্রশাসন শাখা (কক্ষ নং- ২০২)	সেবা গ্রহীতাগণ প্রত্যেক শাখা/কক্ষে ঘুরে ঘুরে তাদের প্রয়োজনীয় তথ্য ও রেকর্ডপত্র অনুসন্ধান/গ্রহণ করতেন।	বরিশাল বিভাগে কর্মরত খাদ্য অধিদপ্তরধীন কর্মকর্তা-কর্মচারী ও অংশীজনগণ	ফ্রন্ট ডেস্ক (আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, বরিশাল এর অফিস ভবনের নিচ তলায় প্রবেশ গেটের সম্মুখে)	সেবা গ্রহীতাগণ তাদের প্রয়োজনীয় তথ্য /রেকর্ডপত্র শুধুমাত্র ফ্রন্ট ডেস্কে অনুসন্ধান ও সেখান থেকে গ্রহণ করবেন।
	মজুদ শাখা (কক্ষ নং- ২০৫)				
	নেজারত শাখা (কক্ষ নং- ১০১)				
	হিসাব শাখা (কক্ষ নং- ১০২)				
	উন্নয়ন শাখা (কক্ষ নং- ১০৪)				
	মাননিয়ন্ত্রণ শাখা (কক্ষ নং ১০৬)				
অডিট শাখা (কক্ষ নং- ১০৭)					



৬-১২-২০২২

মো: জাহাঙ্গীর আলম

আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক

ফোন: 02478862673

ইমেইল: rcf.bsl@dgfood.gov.bd

নম্বর: ১৩.০১.০০০০.০০০.০৫.১৬৩.১৬.৩২৭৭/১(১৯)


তারিখ: ২১ অগ্রহায়ণ ১৪২৯

০৬ ডিসেম্বর ২০২২

অবগতি ও প্রয়োজনীয় (প্রয়োজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল:

- ১) মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ঢাকা
- ২) পরিচালক, প্রশাসন বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা
- ৩) সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর
- ৪) জেলা খাদ্য নিয়ন্ত্রক, বরিশাল/ঝালকাঠি/পিরোজপুর/ভোলা/পটুয়াখালী/বরগুনা।
- ৫) ব্যবস্থাপক, বরিশাল সিএসডি, বরিশাল
- ৬) উপজেলা খাদ্য নিয়ন্ত্রক (বরিশাল বিভাগের সকল),
- ৭) ভারপ্রাপ্ত কর্মকর্তা (বরিশাল বিভাগের সকল এলএসডি),
- ৮) উপ-বিভাগীয় প্রকৌশলী (অতিরিক্ত দায়িত্ব), আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, বরিশাল
- ৯) সংরক্ষণ ও চলাচল কর্মকর্তা, ঝালকাঠি গ্রেড-১ এলএসডি, ঝালকাঠি
- ১০) আঞ্চলিক রক্ষণাবেক্ষণ কর্মকর্তা, জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, বরিশাল

- ১১) শাখা প্রধান, প্রশাসন/মজুদ/হিসাব/নেজারত/অডিট/মাননিয়ন্ত্রণ শাখা, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, বরিশাল
- ১২) জনাব মোঃ আল-আমিন, কারিগরি খাদ্য পরিদর্শক, বরিশাল সিএসডি, সংযুক্তিতে আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, বরিশাল- আদেশ পালনার্থে
- ১৩) জনাব রিপন সেরনিয়াবাত, গাড়ী সহকারী, জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, বরিশাল, সংযুক্তিতে আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, বরিশাল- আদেশ পালনার্থে
- ১৪) জনাব, মিলার/ডিলার/ঠিকাদার,



৬-১২-২০২২

মো: জাহাঙ্গীর আলম
আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক